

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোম্ভাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১২০. পাপের কাজে কারোর আনুগত্য করা

আলী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ طَاعَةَ فِيْ الْمَعْصِيَةِ ، إِنَّمَا الطَّاعَةُ فِيْ الْمَعْرُوْفِ

"পাপের কাজে কারোর আনুগত্য চলবে না। মূলতঃ কারোর আনুগত্য চলবে শুধুমাত্র পুণ্যের কাজেই"।[1] আনাস্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ طَاعَةَ لِمَنْ لَمْ يُطِعِ اللهَ

"যে ব্যক্তি কোন ব্যাপারে আল্লাহ্ তা'আলার আনুগত্য করছে না সে ব্যাপারে তার আনুগত্য কোনভাবেই চলবে না"।[2]

>

ফুটনোট

- [1] (বুখারী, হাদীস ৭২৫৭ মুসলিম, হাদীস ১৮৪০)
- [2] (স'হী'হুল-জা'মি', হাদীস ৭৫২১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11370

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন